দৈনিক ইত্তেফাক

তারিখ 17 AUG 1988
পৃষ্ঠা ১—২

088

# 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে অরাজকতা বরদাশত করা হইবে না'

গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের উপ-ভাইস চ্যান্সেলর, হলসমূহের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, প্রক্টরদের এক সভায় ইতিপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শাস্তিপ্রাপ্ত ও অবাঞ্ছিত ঘোষিত ছাত্রদের পক্ষে বেআইনী বক্তব্যদান, আন্দোলনের চেষ্টা ও তাহাদের শাস্তি প্রত্যাহারের দাবীকে নিন্দনীয় এবং ছাত্র-শিক্ষক-কর্মচারী-অভিভাবকদের স্বার্থবিরোধী ও অপরাধমূলক কাজ বলিয়া মন্তব্য করা হয়। সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ বরদাস্ত করা হইবে না। ভবিষ্যতে কেহ ভবনে তালা লাগাইয়া বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করিলে ও ছাত্র-ছাত্রীদের ক্লাস করা ও পরীক্ষাদানে বাধার সৃষ্টি করিলে তাহাদের বিরুদ্ধে বিধিগত ও আই-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

নানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানানো হয়।

সভায় বলা হয়, সাম্প্রতিক মাসগুলিতে বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠন নিয়মিতভাবে চলিতেছে। পরীক্ষা গ্রহণ এবং মেধাভিত্তিক হলে সিট বন্টনের প্রক্রিয়াও অব্যাহত আছে। যে মুহূর্তে সমগ্র বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিরাজমান, সে মুহূর্তে গতকাল (মঙ্গলবার) মুষ্টিমেয় ছাত্র নিয়ম-নীতি অগ্রাহ্য করিয়া বিভিন্ন ক্লাস, ভবন ও প্রশাসনিক ভবনে অনুপ্রবেশ করিয়া গেটে তালা লাগাইয়া অচলাবস্থার সৃষ্টির অপপ্রয়াস চালায়। তাহারা নিরাপত্তা প্রহরীদের নিকট হইতে জোরপূর্বক চাবিও লইয়া যায়। ফলে অসংখ্য ছাত্র-ছাত্রী ও শিক্ষক ক্লাস করিতে ও পরীক্ষা দিতে আসিয়া ফিরিয়া যাইতে বাধ্য হয়।

সভায় আরও বলা হয়, মুষ্টিমেয় ছাত্রের এ ধরনের অযৌক্তিক দাবী কোনক্রমেই গ্রহণযোগ্য নহে। সভায় পূর্ব সিদ্ধান্তে অটল থাকারও সিদ্ধান্ত নেওয়া হয়। —প্রেস বিজ্ঞপ্তি।